

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : www.bangladeshbank.org.bd

এ এম এল সার্কুলার নম্বর : ২৯

তারিখ : ১২ আশ্বিন, ১৪১৮
২৭ সেপ্টেম্বর, ২০১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কর্মরত সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠান

Guidance Notes on Anti Money Laundering and Combating Financing of Terrorism for Money Changers

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(ঠ) ধারার বিধান মোতাবেক অন্যান্য প্রতিষ্ঠানের ন্যায় বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠানকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং একই আইনের ২৫ ধারায় রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়-দায়িত্বের উল্লেখ রয়েছে। উক্ত আইনের ২৩ (১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গত ১৪ আগস্ট, ২০০৮ তারিখে অত্র বিভাগ হতে জারীকৃত এএমএল সার্কুলার নম্বর ২০ মারফত মানিলন্ডারিং প্রতিরোধে মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর পরিপালনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এদিকে মানি চেঞ্জার প্রতিষ্ঠানসমূহের ব্যবসার প্রকৃতি ও তাদেরকে ব্যবহার করে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংঘটনের ঝুঁকি বিবেচনায় মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২৩ (১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর জন্য পরিপালনীয় বিশদ নির্দেশনা হিসেবে '[Guidance Notes on Anti Money Laundering and Combating Financing of Terrorism for Money Changers](#)' প্রণয়ন করা হয়েছে। এতদসঙ্গে সংযুক্ত গাইডেন্স নোটস্ এর কপি প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতেও ডাউনলোড করা যাবে।

০৩। এছাড়াও মানি চেঞ্জারগুলো বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এবং বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত সার্কুলার / নির্দেশনা ও গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স এ বর্ণিত নির্দেশনা যথারীতি পরিপালন করবে।

০৪। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : গাইডেন্স নোটস্ এর কপি।

(দেবপ্রসাদ দেবনাথ)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৬৫৯